দৈনিক ইত্তেফাক

তারিখ 23 FEB 1990
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাকা ভার্সিটি ক্যাম্পাস আবার উত্তপ্ত

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

গতকাল (বৃহস্পতিবার) ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পুনরায় গুলী বর্ষণের ঘটনা ঘটে। বেলা আনুমানিক একটা নাগাদ কেন্দ্রীয় লাইব্রেরী চত্বরে অকস্মাৎ একদল

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটি ক্যাম্পাস

( ১ম পৃঃ পর )

যুবক অপর একদলকে ধাওয়া করার এক পর্যায়ে পর পর ৩/৪ রাউণ্ড গুলী বর্ষিত হয়। একটি সূত্রের মতে, ২১শে ফেব্রুয়ারী মিছিলে হামলা পাল্টা হামলার জের হিসাবে গতকাল এই ঘটনা ঘটে। একই ঘটনার জের হিসাবে বুধবার রাতে মোহসীন হল ক্যাম্পাসে ৪/৫ রাউণ্ড গুলী বর্ষণ করা হয়। জসীম উদ্দিন, জিয়া, মুজিব, সূর্যসেন হলসহ কয়েকটি হলের কোনটিতে ছাত্রদলের আবার কোনটিতে ছাত্রলীগের (হা-অ) কতিপয় কর্মী হল ছাড়িয়া গিয়াছে। একজন সাধারণ ছাত্রের মন্তব্য, ২১শে ফেব্রুয়ারীর ঘটনার পর ক্যাম্পাসে ছাত্রদল ও ছাত্রলীগের (হা-অ) মধ্যে সৃষ্ট উত্তেজনা ক্যাম্পাসে আতংক সৃষ্টি করিয়াছে।